



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-০৪

৮ ফেব্রুয়ারি ২০২৬

তারিখ: -----

২৫ মাঘ ১৪৩২

জাহাজ নির্মাণ শিল্পের উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ: ২৬ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। জাহাজ নির্মাণ শিল্পের উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ২,০০০ (দুই হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অংশগ্রহণকারী ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে আবেদন দাখিলের সময়সীমা ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। এক্ষেত্রে, দেশের রপ্তানি আয় বৃদ্ধিতে জাহাজ নির্মাণ শিল্পের সম্ভাবনা বিবেচনায় আলোচ্য স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ৩। আলোচ্য স্কিমের কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে সূত্রোক্ত সার্কুলারের কতিপয় অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো:
অনুচ্ছেদ নং-৪। বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এ পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবে। পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে।
অনুচ্ছেদ নং-৫। এ স্কিমের পরিচালনাগত কার্যক্রম ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ কর্তৃক সম্পাদিত হবে। পুনঃঅর্থায়নের আবেদন পদ্ধতি, প্রয়োজনীয় দলিলাদি দাখিলসহ তহবিল ব্যবস্থাপনার ক্ষেত্রে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে।
অনুচ্ছেদ নং-১১। ব্যাংক নিজস্ব নীতিমালার আওতায় কোনো গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। তবে এ তহবিলের আওতায় ঋণ মঞ্জুরীর পূর্বে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ হতে তহবিলের প্রাপ্যতার বিষয়ে নিশ্চিত হতে হবে। তহবিলের প্রাপ্যতা বিষয়ক আবেদনের সাথে সংশ্লিষ্ট ঋণ বিতরণসূচী ও পরিশোধসূচী সংযুক্ত থাকতে হবে।
অনুচ্ছেদ নং-১৩। তহবিলের প্রাপ্যতা বিষয়ক আবেদনের সাথে সংযুক্ত বিতরণসূচী মোতাবেক ঋণের সদ্ব্যবহার নিশ্চিত হওয়া সাপেক্ষে অংশগ্রহণকারী ব্যাংক বিভিন্ন কিস্তিতে গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণ করবে। ঋণ বিতরণ পরবর্তীতে পুনঃঅর্থায়ন সুবিধা চেয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ বরাবর আবেদন করবে। অর্থের প্রয়োজনে অন্তর্বর্তীকালীন কিস্তির বিপরীতেও ব্যাংক পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।
অনুচ্ছেদ নং-১৫। (ঘ) ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকের বিনিয়োগ ও অন্যান্য ব্যাংকের ইসলামিক ব্যাংকিং পদ্ধতির মাধ্যমে অনুমোদিত বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংকসমূহ উপর্যুক্ত শর্তাদির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে এ তহবিলের আওতায় গ্রাহককে বিনিয়োগ প্রদান করবে। এক্ষেত্রে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-৩ কর্তৃক নির্ধারিত প্রাক-অর্থায়ন পদ্ধতিতে তহবিল হতে অর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে।
- ৪। এতদ্ব্যতীত, সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২